

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৯১৭

আগরতলা, ৩০ নভেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় জিরানীয়া পূর্ত বিভাগের আধিকারিক জানান, চলতি অর্থবছরে জিরানীয়া মহকুমার ২৫.৬৯১ কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে। এছাড়া রানীরবাজার ঘোড়ামারা ছাড়ার উপর আর সি সি ব্রীজ নির্মাণের কাজ চলছে। পূর্ত দপ্তরের বিশালগড় ডিভিশনের আধিকারিক জানান, এই ডিভিশনের অন্তর্গত ডুকলি ব্লকে প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় ১০.২৬ কিলোমিটার রাস্তার উন্নয়ন কাজ চলছে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের তহবিলে ডুকলি ব্লকে ৯টি নির্মাণ কাজের মধ্যে ৭টির নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। কাজগুলির মধ্যে রয়েছে ১টি মার্কেট শেড, ৩টি কমিউনিটি টয়লেট, স্বসহায়ক দলের জন্য ২টি ট্রেনিং সেন্টার নির্মাণ ইত্যাদি। বিদ্যুৎ নিগমের সার্কেল ওয়ান এর আধিকারিক জানান, এই সার্কেলের অন্তর্গত ৬৮টি পাম্প হাউজে ডি ডাব্লিউ এস স্কিমে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। বিদ্যুৎ নিগমের ২নং সার্কেলের আধিকারিক জানান, জিরানীয়া এলাকার ডি ডাব্লিউ এস স্কিমে ৮টি এবং ওয়াটার রিসোর্স স্কিমে ৮টি পাম্প হাউজে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। মোহনপুর এলাকার ডি ডাব্লিউ এস স্কিমে ২৯টি এবং স্মলবোর স্কিমে ৯২টি পাম্প হাউজে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। গ্রামোন্নয়ন দপ্তরের জেলা আধিকারিক জানান, চলতি অর্থবছরে সমগ্র শিক্ষা অভিযানের ফাণ্ডে ৭টি বিদ্যালয়ের পরিকাঠামোগত উন্নয়নের কাজ শেষ হয়েছে। ১৪টি বিদ্যালয়ের উন্নয়ন কাজ চলছে। জনজাতি কল্যাণ দপ্তরের ফাণ্ডে ৯টি পরিকাঠামোগত উন্নয়ন কাজের মধ্যে ৬টির উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে। তপশিলি জাতি কল্যাণ দপ্তরের ফাণ্ডেও ৪টি পরিকাঠামোগত উন্নয়নমূলক কাজ সম্পন্ন করা হয়েছে।

\*\*\*\*\*